সংবাদ।

তারিখ ২৭।১০।৮১

পৃষ্ঠা

057

## খাল সংস্কারের গম আত্মসাৎ

শৈলকুপা (যশোর), ২৫শে অক্টোবর (নিজস্ব সংবাদদাতা)।— কাজের বিনিময়ে খাদ্য কর্মসূচীর আওতাধীন খাল সংস্কারের জন্য বরাদ্দকৃত গম আত্মসাতের লিখিত অভিযোগ পাওয়া গেছে। ঘটনার বিবরণে প্রকাশ, শৈলকুপা থানাধীন ৬ নং সারুটিয়া ইউনিয়নের নবগ্রাম বিল হতে মৌকুড়ি বিল দিয়ে চর মৌকুড়ি (পাথরবাড়ী) বিল পর্যন্ত পানি নিষ্কাশন খাল ভরাট হয়ে যাওয়ার ফলে এই খাল সংস্কারের জন্য চলতি বছর কাজের বিনিময়ে খাদ্য কর্মসূচীর আওতায় ২৭৯ মণ গম বরাদ্দ করা হয়েছিল। কিন্তু কাজ না করে বরাদ্দকৃত গমের সিংহভাগ আত্মসাৎ করা হয়েছে বলে অভিযোগে উল্লেখ করা হয়। সুষ্ঠু তদন্তের মাধ্যমে সরকারী গম আত্মসাৎকারীদের দৃষ্টান্তমূলক শাস্তি দেয়ার জন্য এলাকার জনগণ উর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে আবেদন জানিয়েছেন।